1000Rs.

INDIA NON JUDICIAL

१००० रु. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES

P 3542 I 3443

কোবালা
মূল্য - ২৬০০০ , টাকা
থানা - ইলামবাজার
মৌজা - কামারপাড়া
জে.এল.নং - ১৩১
দাগনং - ৩৬৭
পরিমান - ২৬ শতক ।

Admissible Under Rule 21 duty stamped (or exempt from or does not require stamp duty) Under the Indian Stamp Act 1899.
Schedule I ...
Fees paid ...
A 275.00

Additional Dist. Sub-Registrar
Bolpur, Birbhum.

Fees paid as ...
'A'
'B'
Addl. Dist. Sub-Registrar
Bolpur

21 MAY 2001

ক্রেতা :-

১। শ্রী সুভাষ সরকার পিতা প্রনবেশ্বর সরকার
২। শ্রীমতী রত্না সরকার স্বামী শ্রী সুভাষ সরকার
উভয়ের জাতি - ভারতীয়, ধর্ম - হিন্দু, ১ নং ক্রেতার পেশা - ব্যবসাদি এবং ২ নং ক্রেতার পেশা - এ্যাডিটিং , সর্ব্ব সাকিম - সুরুল, ডাকঘর - শ্রীনিকেতন, মহকুমা থানা ও সাবরেজিষ্ট্রি অফিস - বোলপুর, জেলা - বীরভূম ।

Hiland Projects Limited
Authorised Signatory

৪০২৩ ১৮/৫/২০০১

সুভেন্দু সরকার

২০০০

ভেণ্ডার-শ্রীনটবর দত্ত মুন্সী

বোলপুর এ. ডি. এস. আর অফিস

শ্রীনটবর দত্ত মুন্সী

শ্রীনটবর দত্ত মুন্সী

Presented for registration at ........ on 21st May day of 2001 in the Addl. Dist. Sub-Registry Office Bolpur by Swarup Sarkar

Additional Dist. Sub-Registrar, Bolpur, Birbhum

4765

21 MAY 2001

Swarup Sarkar

Son of Lt Haradhan Sarkar

of Surul

P.O. Bolpur

Dist. Birbhum

by Caste Hindu/Muslim

by Profession ........

as constituted attorney for Summsuddin Mondal

Hiland Projects Limited

Authorised Signatory

Siddharth Sarkar

Son of Lt Ramprasad Sarkar

of Surul

P.O. Bolpur/Santiniketan/Nanoor

Dist. Birbhum

by Caste Hindu/Muslim

by Profession ........

100Rs.






বিক্রেতা :-

১। সামসুদ্দিন মণ্ডল পিতা আক্তার নবি মণ্ডল ।
জাতি-ভারতীয়, ধর্ম- ইসলাম, পেশা- চাকুরী
সাকিম - মহিদাপুর, ডাকঘর - বিনুরিয়া
থানা - বোলপুর , জেলা - বীরভূম ।

২। শ্রী ভোলানাথ বাউরী পিতা মিতন বাউরী ।
জাতি-ভারতীয়, ধর্ম-হিন্দু, পেশা- চাষাদি ।
সাকিম- মহিদাপুর, ডাকঘর - বিনুরিয়া
থানা - বোলপুর, জেলা - বীরভূম ।

উভয়ের পক্ষে আমমোক্তার -
শ্রী সুবর্ণ কুমার সরকার পিতা হারাধন সরকার
সাকিম - সুরুল

Hiland Projects Limited

Authorised Signatory

100Rs.

INDIA NON JUDICIAL

१०० रु. Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES



Hiland Projects Limited

Authorised Signatory

জেলা বীরভূম থানা ইলামবাজার অন্তর্গত মৌজা কামারপাড়া এর সীমানাস্থিত নীচের তপশীল লিখিত ৩৬৭ দাগের সমগ্র ২.৮৮ একর সম্পত্তির সমাংশে পূর্ব মালিক ছিলেন দ্বারোন্দা গ্রাম নিবাসী লক্ষ্মীনারায়ণ বায়েন এবং রবিলাল বায়েন । উপরোক্ত শরীকগন তাঁহাদের উপরোক্ত দাগের সম্পত্তি আপোষে নির্দ্দিষ্ট চিহ্নমতে নিজ নিজ অংশ পৃথক পৃথক ভাবে ভোগদখলীকার থাকাকালীন উপরোক্ত শরীকগনের মধ্যে লক্ষ্মীনারায়ণ বায়েন পরলোকগমন করিলে তাঁহার দুইপুত্র যথা সন্ন্যাসী বায়েন এবং বাবুলাল বায়েন হিন্দু উত্তরাধিকার আইনের বিধানানুসারে তাঁহাদের পিতার ত্যক্ত যাবতীয় সম্পত্তি মায় তপশীল লিখিত দাগের সম্পত্তিতে ভোগদখলীকার হইয়া তাহাতে স্বত্ববান ও দখলীকার থাকাকালীন বাবুলাল বায়েন তপশীল লিখিত দাগে তাহার প্রাপ্ত অংশের সম্পত্তি হইতে বিগত সন ১৩৯১ সালের ১৫ ই ফাল্গুন ইংরাজী ২৭।২।১৯৮৫ তারিখে সম্পাদিত এবং ৪।৩।১৯৮৫ তারিখে বোলপুর সাবরেজিষ্ট্রি অফিসে রেজিষ্ট্রিকৃত ১৯৮৫ সালের ২২৮৫ নম্বরযুক্ত একখন্ড খোসকোবালা দলিলমূলে বোলপুর থানার অন্তর্গত মহিদাপুর গ্রাম -

100Rs.

INDIA NON JUDICIAL

१०० रु.

Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES



নিবাসী ১। ধীরেন বাউরী , ২। শ্রী দুলাল বাউরী, ৩। শ্রী ভোলানাথ বাউরী ৪। শ্রী দীনু বাউরী, ৫। শ্রী অশ্বিনী বাউরী সকলের পিতা মিতন বাউরীকে তপশীল লিখিত দাগের মধ্যে নির্দ্দিষ্ট চিহ্ন মতে ২৬ শতক পরিমিত ভূমি বিক্রয় করিয়া উহা হইতে চিরতরে নিঃস্বত্ব ও বেদখল হয়েন।

B. S Das

পৃ.....৫

Hiland Projects Limited

Authorised Signatory

তদপর উক্ত ক্রেতাগনের খরিদা ২৬ শতক পরিমিত ভূমির মধ্যে শ্রী ধীরেন বাউড়ী , শ্রী দুলাল বাউরী , শ্রী দীনু বাউরী এবং শ্রী অশ্বিনী বাউরী তাঁহাদের একত্রে যে ২০ $\frac{৪}{৫}$ শতক পরিমিত সম্পত্তি ছিল তাহা তাঁহারা বিগত সন ১৪০৪ সালের ১০ ই মাঘ ইংরাজী ২৭।১।১৯৯৮ তারিখে সম্পাদিত এবং উক্ত তারিখেই বোলপুর এ.ডি.এস.আর. অফিসে রেজিষ্ট্রিকৃত ২১১ নম্বর যুক্ত একখণ্ড খোসকোবালা দলিলমূলে এই দলিলের ১ নম্বর বিক্রেতা যথা মহিদাপুর গ্রাম নিবাসী সামসুদ্দিন মন্ডলকে বিক্রয় করিয়া উহাতে চিরতরে নিঃস্বত্ত্ব ও বেদখল হয়েন এবং বাকী ৫ $\frac{১}{৫}$ শতক ভূমিতে ভোলানাথ বাউরী নিজাংশে মালিক থাকিয়া যান ।

এমতে উপরের বর্ণনামতে এই দলিলের বিক্রেতাগন আমরা তপশীল লিখিত দাগের ভূমির মধ্যে একত্রে ২০ $\frac{৪}{৫}$ + ৫ $\frac{১}{৫}$ = ২৬ শতক ভূমিতে স্বত্ববান ও দখলীকার রহিয়াছি ।

বর্তমানে আমাদের বেশকিছু নগদ অর্থের আবশ্যকতা থাকায় অর্থ সংগ্রহের নিমিত্তে আমরা একত্রে আমাদের ২৬ শতক ভূমি বিক্রয় করিবার সোহরৎ দিলে এই দলিলের ক্রেতাগন আপনারা উহা সর্ব্বোচ্চ ২৬০০০ , ছাব্বিশ হাজার টাকা মূল্যে খরিদ করিতে চাহিলেন । এবং এই দলিলের বিক্রেতাগন আমরাও উক্ত মূল্য বর্তমান বাজার যাচাইমতে ন্যায্য ও সময়োচিত হইয়াছে জানিয়া ও বুঝিয়া উপরোক্ত পনমূল্যে নীচের তপশীলে লিখিত ও বিশদভাবে বর্ণিত ভূমি খণ্ডটি আপনাদিগকে বিক্রয় করিয়া উহা হইতে চিরতরে নিঃস্বত্ত্ব ও বেদখল হইলাম ।

P. Sm

প্রকাশ থাকে যে এই দলিলের বিক্রেতাগন আমরা তপশীল লিখিত দাগের মধ্যে আমাদের যে অংশ রহিয়াছে তাহা বিক্রয় করিবার জন্য আমরা সুরুল গ্রাম নিবাসী হারাধন সরকার এর পুত্র যথা স্বরূপ সরকারকে আমাদের পক্ষে আমমোক্তার নিযুক্ত করিয়াছি । উক্ত আমমোক্তার নামা দলিল বিগত ইংরাজী ২৩।৩।২০০১ তারিখে বোলপুর এ.ডি.এস.আর. অফিসে রেজিষ্ট্রিকৃত ৪ নম্বর বহির অন্তর্গত ২৬ নম্বর আমমোক্তার নামা দলিল হইতেছে ।

Hiland Projects Limited
Susanta Mandal
Authorised Signatory

অতঃপর তপশীল লিখিত সম্পত্তিতে এই দলিলের বিক্রেতাগন আমাদের এযাবৎকাল যাহা কিছু এবং যতপ্রকারের স্বত্বাধিকার ছিল তাহা অদ্যকার তারিখ হইতে সম্পূর্নরূপে বিলুপ্ত হইয়া উহা আপনাদিগকে অর্পিল ও বর্তিল। আপনারা অদ্যকার তারিখ হইতে তপশীল বর্নিত সম্পত্তিতে নিব্যূঢ় স্বত্বে মালিক হইয়া এবং উহাতে দান, বিক্রয়, লীজ, মর্টগেজ প্রভৃতি বিবিধপ্রকার হস্তান্তরের ক্ষমতাযুক্তে উহা পুত্র পৌত্র মায় ওয়ারীশান ও স্থলাভিষিক্তগনক্রমে যদিচ্ছা পরমসুখে উহা চিরকাল ভোগদখল করিতে থাকুন। তাহাতে আমরা মায় ওয়ারীশান ও স্থলাভিষিক্তগন কস্মিনকালেও কোনপ্রকার ওজর আপত্তি কি কোন দাবী-দাওয়া করিতে পারিব না কি পারিবে না কি করিলেও তাহা আইনতঃ গ্রাহ্য হইবে না।

তপশীল লিখিত সম্পত্তি সম্পূর্ন নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আছে। উহা ইতিপূর্বে কোনস্থানে কোনপ্রকার হস্তান্তর কি দায়গ্রস্থাদি করা নাই। ঐ প্রকার থাকা কি করা প্রকাশ পাইলে অথবা আমাদের কৃতকর্ম্মের জন্য কি স্বত্বের দোষে তপশীল লিখিত সম্পত্তি হইতে কি তাহার কোন অংশ হইতে আপনাদেরকে নৈরাশ কি বেদখল হইতে হইলে আমরা মায় ওয়ারীশান ও স্থলাভিষিক্তগন আপনারা মায় ওয়ারীশান ও স্থলাভিষিক্তগনকে পনমূল্যের সমগ্র টাকা মায় আইনহারে সুদসহ এককালীন নগদে ফেরৎ দিতে ও ক্ষতিপূরণ করিতে বাধ্য রহিলাম।

তপশীল লিখিত সম্পত্তির খাজনা বর্তমান সনতক আমাদের মিটানো আছে। কোন কিছু দেয় বাকী থাকিলে তাহা মিটানোর দায়িত্ব আমাদের থাকিল। আপনারা অদ্যকার তারিখ হইতে তপশীল লিখিত সম্পত্তির খাজনা যথারিতী ভূম্যাধিকারীর সেরেস্তায় নিজ জিম্মায় আদায় দিবেন এবং ইচ্ছা করিলে উহাতে আমাদের নাম খারিজ করতঃ আপনাদের নামে পৃথক জমা পত্তন করাইয়া লইবেন তাহাতে আমাদের সকল প্রকার সম্মতি দেওয়া রহিল এবং ভবিষ্যতে এই বিক্রয়ের ব্যাপারে আরও কোন পৃথক সম্মতি দিবার আবশ্যক বোধ করিলে তাহাও দিতে বাধ্য রহিলাম।

এতদর্থে সুস্থচিত্তে সরল অন্তঃকরনে অন্যের বিনা অনুরোধে স্ব-ইচ্ছায় স্ব-জ্ঞানে এই দলিলের মর্ম্ম সকল অবিশেষভাবে অবগত থাকিয়া ও পনমূল্যের সমগ্র ২৬০০০, ছাব্বিশ হাজার টাকা আমরা নিজ নিজ অংশ মোতাবেক বুঝিয়া পাইয়া নিম্ন স্বাক্ষরকারী সাক্ষীগন সমক্ষে আপনাদের অনুকূলে এই খোসকোবালা দলিল সম্পাদন করিয়া দিলাম। ইতি সন-১৪০৮ সালের ৭ই জ্যৈষ্ঠ ইংরাজী - ২১।৫।২০০১

Hiland Projects Limited
Authorised Signatory

তপশীল :-

জেলা বীরভূম থানা ইলামবাজার মৌজা কামারপাড়া জে.এল.নং - ১৩১ ,খতিয়ান নং ৩০৯/৬ তিনশত নয়/ছয় ।

দাগনম্বর - ৩৬৭ তিনশত সাতষট্টি    শ্রেনী - বাইদ    বিক্রীত পরিমান -

দাগের মোট পরিমান ২.৮৮ একর
মধ্যে বিক্রীত ভূমির পরিমান - ২৬ শতক
ছাব্বিশ শতক ।
( উপরোক্ত বিক্রীত ২৬ শতক ভূমির মধ্যে
১ নং বিক্রেতা কর্ত্তৃক বিক্রীত ভূমির পরিমান -
২০ $\frac{৪}{৫}$ শতক এবং ২ নং বিক্রেতার কর্ত্তৃক বিক্রীত
ভূমির পরিমান - ৫ $\frac{১}{৫}$ শতক , একত্রে ২৬ শতক )

হারহারি খাজনা বর্ত্তমানে - ১ . টাকা , স্বত্ব - রায়ত স্থিতিবান ।

জমিদার :- পশ্চিমবঙ্গ সরকার পক্ষে বীরভূম জেলা সমাহর্ত্তা ।
মোকাম ও পোঃ - সিউড়ী , জেলা - বীরভূম ।

মুসাবিদা ও দলিল প্রস্তুতকারক :-

Partha Sarathi Das.

শ্রী পার্থ সারথি দাস
এ্যাডভোকেট
বোলপুর কোর্ট , বীরভূম
সনদ - ১০২০/৮১

ইসাদি —

শ্রী সুকুমার সরকার ।
পিতা ৺ প্রভাত সরকার ।
সাকিম - সুরুল
শ্রীসুব্রত পাল
বোলপুর রামকৃষ্ণপল্লী
বোলপুর - বীরভূম

সিদ্ধার্থ সরকার
সাং - সুরুল

টাইপকারক :-

শ্রী সুরথেশ্বর দে

শ্রী সুরথেশ্বর দে
বোলপুর শুঁড়িপাড়া
(ধর্ম্মরাজতলা)

Hiland Projects Limited
Suranta Mandal
Authorised Signatory

Additional Dist. Sub-Registrar,
Bolpur, Birbhum.

21 MAY 2001

Book No. I
Volume No. 40
Pages 375 to 380
Being No 3443 for the year 2001

Additional Dist. Sub-Registrar,
Bolpur, Birbhum.

18.6.2001

Hiland Projects Limited
Authorised Signatory